আজকের কাগজ

তারিখ 20 DEC 1994
পৃষ্ঠা ১ কলাম ৬

# আজ চার বোর্ডের এইচএসসি'র ফল বেরুচ্ছে

ঢাকা, কুমিল্লা, রাজশাহী ও যশোর শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত ১৯৯৪ সালের এইচএসসি পরীক্ষার ফলাফল আজ সকাল ১০টায় একযোগে সংশ্লিষ্ট কেন্দ্র হতে প্রকাশিত হচ্ছে। পরীক্ষার্থীরা নিজ নিজ কেন্দ্র হতে তাদের ফলাফল জানতে পারবে। নিজ নিজ কেন্দ্র ছাড়াও পরীক্ষার্থীরা নিজস্ব কলেজ হতেও তাদের ফলাফল জানতে পারবে। সকল কেন্দ্রের অধ্যক্ষরা আজ সকাল ৮টার মধ্যে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কাছ থেকে ফলাফল সংগ্রহ করবেন।

এবার বোর্ডে কোন ফলাফল টাঙ্গানো হবে না। জাতীয় দৈনিক পত্রিকায় শুধু মেধা তালিকা ও পরিসংখ্যান প্রকাশিত হবে এবং বাংলাদেশ টেলিভিশন ও রেডিও বাংলাদেশ শুধু মেধা তালিকা ও পরিসংখ্যান প্রচার করবে। কেন্দ্রওয়ারী পুরো রেজাল্টের ২ কপি প্রতিটি কেন্দ্রে এবং প্রতিটি জেলায় মেধা তালিকা ও পরিসংখ্যান প্রেরণ করা হবে।

সংশ্লিষ্ট সকলকে সকাল ১০টার পূর্বে কোন অবস্থাতেই পরীক্ষা ফলাফলের প্যাকেট না খোলার জন্যে বিশেষভাবে অনুরোধ করা হয়েছে। তথ্য বিবরণী।